হঠাৎ জেলিফিশের মৃত্যু বাড়ার বিষয়ে কামরুল ইসলাম জানান, শীত মৌসুমে সাগরে মাছ কম ধরা পড়ায় জেলেরা গভীর সাগরের তুলনায় উপকূলবর্তী এলাকায় বেশি জাল ফেলেন। তাদের জালেও জেলিফিশ ধরা পড়ে এবং জালের প্যাঁচেই অধিকাংশ মারা যায়। পরে জেলেরা সৈকতে জাল তুলে মাছগুলো পাইকারদের কাছে বিক্রি করলেও, জালে আটক জেলিফিশগুলো তারা সৈকতেই ফেলে দেয়।

পটুয়াখালী জেলা মৎস্য কর্মকর্তা মোল্লা এমদাদুল্লাহ বলেন, 'এটি আশঙ্কার কিছু নয়। তারপরও বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট কর্তৃপক্ষ বিষয়টি পূর্বেক্ষণ করতে পারে।'

এবার প্রশ্ন আসতে পারে- বিভিন্ন সৈকতে অহরহ জেলিফিশ মরতে দেখা গেলেও এটিকে গবেষকরা 'অমর' প্রাণী বলেন কোন হিসেবে।

আমেরিকান মিউজিয়াম অব ন্যাচারাল হিস্টোরির তথ্যমতে, একটি বিশেষ বৈশিষ্ট্যের জন্য জেলিফিশকে অমর হিসেবে আখ্যায়িত করেছেন গবেষকরা।

তাদের মতে, সত্যিকার অর্থেই নিজেকে অমর করে রাখতে পারে জেলিফিশ। মৃত্যুর কোনো আশঙ্কা থাকলে এরা নিজের বয়স কমিয়ে ফেলতে পারে।

ন্যাশনাল জিওগ্রাফিকের গবেষকরা জানিয়েছেন, যদি কোনো জেলিফিশের শরীরের কোনো অংশ আঘাত লাগে, তবে এরা সঙ্গে সঙ্গে 'পলিপ দশা'য় চলে যায়। চারপাশে মিউকাস মেমব্রেন তৈরি করে গুটি বাঁধে পলিপের আকারে। এই পলিপ অবস্থায় এরা তিন দিন পর্যন্ত থাকে। আর এভাবেই এরা বয়স কমিয়ে ফেলে।

এই সময়ের মধ্যে শরীরের সব কোষকে নতুন কোষে রূপান্তর করে জেলিফিশটি। এভাবেই বারবার রূপান্তরের মাধ্যমে এরা বার্ষিক্যকে ঠেকিয়ে রাখে।

তবে, অন্য কোনো বড় মাছ এদের খেয়ে ফেলে কিংবা বড় কোনো রোগে আক্রান্ত হলে কিংবা সৈকতে আটকে যাওয়ার মতো কোনো দুর্ঘটনায় পড়ে প্রায় সমুদ্র জেলিফিশের মৃত্যু ঘটে। কিন্তু বয়স বেড়ে যাওয়ার কারণে এদের মৃত্যু হয় না। অর্থাৎ দুর্ঘটনায় না পড়লে একটি জেলিফিশের চিরদিন বেঁচে থাকার ক্ষমতা রয়েছে।

এদিকে বংশবিস্তারের ক্ষমতাসম্পন্ন জেলিফিশগুলোকেই একমাত্র অমর বলে দাবি করেছেন বিজ্ঞানীরা। এই জেলিফিশগুলো মূলত ভূমধ্যসাগর ও জাপানের সমুদ্রে দেখা যায়। জাপানের কিটো বিশ্ববিদ্যালয়ের গবেষকরা এই জেলিফিশ নিয়ে গবেষণা করছেন।

Print

নির্বাহী সম্পাদক: হাসান ইমাম রুবেল
উপসম্পাদক: মোঃ নজরুল ইসলাম মাহমুদার
সম্পাদকমন্ডলীর সভাপতি: সৌম্য নাসির সরাফাত প্রকাশক : শাহজাদ হাসান খান

১১৮/সি, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
+৮৮ ০৯৬০২১১৮৭৪, +৮৮০২ ৫৫০৫৫২৮৮
+৮৮০২ ৫৫০৫৫২৮৯
news@newsbangla24.com


©নিউজবাংলা টোয়েন্টিকোর ডটকম

আপডেট : ৬ সেপ্টেম্বর, ২০২২ ১৮:৫০

মৃত্যুকে হার মানিয়ে 'অমর' যে জেলিফিশ



সারোয়ার প্রতীক, ডেক



অমরত্বের খোঁজে বিজ্ঞানীদের চোখ জেলিফিশে। ছবি: সংগৃহীত

সাধারণভাবে জীবনের শেষ মৃত্যুতে। তবে সব প্রাণীর ক্ষেত্রে বিষয়টি সত্যি নাও হতে পারে, অন্তত জেলিফিশের একটি প্রজাতি মৃত্যুকে যেন দেখিয়ে চলছে বুড়ো আত্মা।

নতুন এক গবেষণা বলছে, টুরিটোসিস ভোরনি জেলিফিশ যৌন মিলনের পর বারবার পুনরুজ্জীবিত হয়ে জৈবিকভাবে অমর হয়ে উঠেছে। আর এর ডিএনএ-তেই লুকিয়ে আছে শাশ্বত জীবনের রহস্যের উত্তর।

মৃত্যুকে ফাঁকি দিতে আশ্চর্য এক জৈবিক কৌশল আয়ত্ত করেছে টুরিটোসিস ভোরনি। এ প্রজাতির প্রতিটি সদস্য আসলে একে অপরের ক্লোন। পলিপ (বর্ধনশীল কোষগুচ্ছ) হিসেবে জীবনের শুরু, সময়ের পরিক্রমায় তা জীবন্ত সত্তা মেডুসায় পরিণত হয়।

টুরিটোসিস ভোরনির আরেক বিশ্ময়কর ক্ষমতা হলো, মেডুসা আহত, অসুস্থ বা বুড়িয়ে গেলে তা মরে যায় না। উল্টো 'সিস্ট' হয়ে যায়, যা একসময় পলিপে পরিণত হয়ে শুরু হয় নতুন চক্র।

এ প্রক্রিয়াকে বিজ্ঞানের ভাষায় বলে 'লাইফ সাইকেল রিভার্সাল' বা জীবনচক্রের উল্টোগতি। বিষয়টি অনেকটা কোনো বয়স্ক ব্যক্তির ফের জন্মে কিংবা একটি মুরগির ডিমে পরিণত হওয়ার মতো ঘটনা।



পিএনএএস জার্নালে সোমবার প্রকাশিত এক নিবন্ধে স্পেনের ওভেইডাস বিশ্ববিদ্যালয়ের একদল গবেষক বিষয়টির ব্যাখ্যা দিয়েছেন। টুরিটোসিস ডোরনির ডিএনএ-এর সঙ্গে জেলিফিশের অন্য প্রজাতির ডিএনএর তুলনা করেছেন তারা। গবেষকরা দেখতে চেয়েছেন, ঠিক কোন বৈশিষ্ট্যের কারণে টুরিটোসিস ডোরনি মৃত্যুকে ফাঁকি দিতে সক্ষম।

নিবন্ধে বলা হয়েছে, গবেষকরা টুরিটোসিস ডোরনি বয়সের সঙ্গে ক্ষতিগ্রস্ত ডিএনএ মেরামতে যুক্ত জিনের দিকে বিশেষভাবে নজর দিয়েছেন। তারা জীবনচক্রের উল্টোপাতির প্রক্রিয়াও পর্যালোচনা করেছেন। এর মাধ্যমে টুরিটোসিস ডোরনির অমরত্বের পেছনে ভূমিকা রাখা আণবিক প্রক্রিয়া সম্পর্কে নতুন ধারণা পাওয়া গেছে।

গবেষণায় জেলিফিশের অন্য প্রজাতির সঙ্গে টুরিটোসিস ডোরনির বেশ কিছু পার্থক্য পাওয়া গেছে। গবেষকদের ধারণা, এগুলোই টুরিটোসিস ডোরনিকে অমর করতে ভূমিকা রাখছে। যেমন টুরিটোসিস ডোরনিতে পিওএলডি-১ এবং পিওএলডি-২ জিনের বেশি প্রতিলিপি খুঁজে পেয়েছেন গবেষকরা। এগুলো টুরিটোসিস ডোরনির 'নশুর আত্মীয়দের' তুলনায় বিভিন্ন প্রোটিনকে বেশি প্রথিত করে রাখে। ফলে এই প্রজাতির জেলিফিশের ডিএনএ মেরামতের সক্ষমতা অনেক বেশি।

• আরও পড়ুন: সৈকতে একঝাঁক মৃত জেলিফিশ, তবু এটি 'অমর' কেন?

এ ছাড়া [টেলোমারেজ](#) এনজাইমকে নিয়ন্ত্রণের ডিএনএ সংখ্যাও এই প্রজাতিতে বেশি। বয়সের গতি নিয়ন্ত্রণে ভূমিকা রয়েছে এই এনজাইমের।

গবেষণার এসব ফলকে চমকপ্রদ বলছেন বিজ্ঞানীরা। তবে তারা বলেন, মানুষের অমরত্ব লাভের পথ এখনও অনেক বাকি। টুরিটোসিস ডোরনির জৈবিক কৌশলগুলো আমাদের বয়সকে বিলম্বের পথ আপাতত অনেক বিস্তৃত করবে।

Print

নির্বাহী সম্পাদক: হাসান ইমাম রুবেল
উপসেটা সম্পাদক: মোঃ নজরুল ইসলাম মল্লমলার
সম্পাদকমণ্ডলীর সভাপতি: শৈখুলী নাজিম সরাফাত প্রকাশক : শাহুল হাসান খান

১৯৮/সি, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
+৮৮ ০৯৬০২১১৮৭৪, +৮৮০২ ৫৫০৫৫২৮৮
+৮৮০২ ৫৫০৫৫২৮৯
news@newsbangla24.com

©নিউজবাংলা টোয়েন্টিফোর ডটকম

জেলিফিশের ব্যবহার সুনীল অর্থনীতিতে ভূমিকা রাখবে

স্টাফ করেসপন্ডেন্ট | বাংলানিউজটোয়েন্টিফোর.কম | আপডেট: ২০৩৭ ঘণ্টা, নভেম্বর ৩, ২০২২



কক্সবাজার: বর্তমানে বিশ্বের বিভিন্ন দেশে জেলিফিশ থেকে তৈরি হচ্ছে সার, কীটনাশক, ওষুধ ও কসমেটিক্সসহ নানান পণ্য। খাদ্য হিসেবেও জনপ্রিয় কিছু প্রজাতির জেলিফিশ। বঙ্গোপসাগরের জেলিফিশ বাংলাদেশের জন্যও একটি গুরুত্বপূর্ণ সম্পদ হয়ে উঠতে পারে। প্রাণীটি দেশের সুনীল অর্থনীতিতে রাখতে পারে উল্লেখযোগ্য ভূমিকা।

বৃহস্পতিবার (৩ নভেম্বর) বিশ্ব জেলিফিশ দিবস উদযাপন উপলক্ষে কক্সবাজারস্থ বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউটের (বিওআরআই) উদ্যোগে আয়োজিত এক আন্তর্জাতিক সেমিনারে বিজ্ঞানীরা এমন মতামত দেন।

‘জেলিফিশকে জানি, এই সামুদ্রিক সম্পদকে কাজে লাগাই’ শীর্ষক এই সেমিনারে বিজ্ঞানীরা বলেন, পৃথিবীতে প্রায় ২ হাজার প্রজাতির জেলিফিশ আছে। এরমধ্যে ১০/১২ প্রজাতির জেলিফিশ খাওয়া যায়। আর আমাদের বঙ্গোপসাগরেরও অন্তত একটি জেলিফিশ খাওয়ার উপযোগী।

বাংলাদেশ সমুদ্র গবেষণা ইনস্টিটিউটের সেমিনার হলে প্রতিষ্ঠানটির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) ও সমুদ্রবিজ্ঞানী সাইদ মাহমুদ বেলাল হায়দারের সভাপতিত্বে সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ফিশারিজ অনুষদের চেয়ারম্যান প্রফেসর ড. রাশেদ-উন-নবী।

বিশেষ অতিথির বক্তব্য দেন বাংলাদেশ ফিশারিজ রিসার্চ ইনস্টিটিউটের (বিএফআরআই) মেরিন ফিশারিজ অ্যান্ড টেকনোলজি স্টেশনের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. শফিকুর রহমান ও নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওশানোগ্রাফি অনুষদের অ্যাসোসিয়েট প্রফেসর ড. এম. গোলাম মোস্তফা।

সেমিনারের কারিগরি পর্বে জেলিফিশের বায়োলজি, টক্সিন ও মানবকল্যাণ, জেলিফিশ ব্রুম সংরক্ষণ এবং প্রসপেক্টিভ ও চ্যালেঞ্জ নিয়ে আলোচনা করা হয়।

প্রফেসর ড. আশরাফুল আজম খানের সঞ্চালনায় কারিগরি পর্বে আলোচক ছিলেন সমুদ্রবিজ্ঞানী সাঈদ মাহমুদ বেলাল হায়দার, ভারতের আল্লামালা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. ব্রগদেশ্বর সূত্রানিয়াম, মেরিন ফিশারিজ অ্যান্ড টেকনোলজি স্টেশনের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. শফিকুর রহমান, পাঞ্জাবের লাভলী প্রফেশনাল বিশ্ববিদ্যালয়ের পিএইচডি স্কলার অমিতা কুমারী চৌধুরী ও বোরির বৈজ্ঞানিক কর্মকর্তা মো. শিমুল ভূইয়া।

সেমিনারে গত আগস্টে কক্সবাজার সৈকতে অসংখ্য জেলিফিশ ভেসে আসার ঘটনা তদন্ত করে বোরি'র পক্ষ থেকে একটি বৈজ্ঞানিক প্রতিবেদন উপস্থাপন করা হয়।

প্রতিবেদনে বলা হয়, গত জুলাই মাসের শেষ দিকে বঙ্গোপসাগরে দূষণ ও তাপমাত্রা বৃদ্ধির ফলে জেলিফিশ বুম ঘটে। এ সময় জেলেরা বঙ্গোপসাগরে মাছ ধরতে গেলে তাদের জালে মাছের পরিবর্তে জেলিফিশই অনেক বেশি ধরা পড়ে। কিন্তু স্থানীয় বাজারে এর কোনো অর্থনৈতিক মূল্য না থাকায় জেলেরা সেসব জেলিফিশ সমুদ্রেই ফেলে দেন। এরপর মরা জেলিফিশগুলো ভাসতে ভাসতে ১ আগস্ট থেকে ৩ আগস্ট পর্যন্ত কক্সবাজার সৈকতের দরিয়ানগর থেকে লাবণী পয়েন্টে এসে পড়ে।

অনুষ্ঠানে সরকারি বেসরকারি দপ্তরের বিজ্ঞানী, শিক্ষার্থী, মৎস্যজীবী, পরিবেশকর্মী ও সংবাদকর্মীরা উপস্থিত ছিলেন।

সেমিনারে আলোচকরা আরও বলেন, নামে মাছ হলেও জেলিফিশ আসলে মাছ নয়। স্থানীয় ভাষায় এটি 'নুইমা' নামে পরিচিত। তাপমাত্রা বাড়ার কারণে সাগরে পানির লবণাক্ততা বেড়ে গেলে জেলিফিশেরা ব্যাপকভাবে প্রজনন ঘটায়। এতে ধারণা করা হয়, ইংরেজি নামের চেয়ে স্থানীয় নুইমা নামটিই বেশি বিজ্ঞানসম্মত।

বাংলাদেশ সময়: ২০৩৫ ঘট্টা, নভেম্বর ০৩, ২০২২
এসবি/এমজেএফ

সম্পাদক : জুয়েল মাজহার

ফোন: +৮৮০ ২ ৮৪৩ ২১৮১, +৮৮০ ২ ৮৪৩ ২১৮২ আই.পি. ফোন: +৮৮০ ৯৬১ ২১২ ৩১৩১ নিউজ রুম মোবাইল: +৮৮০ ১৭২ ৯০৭ ৬৯৯৬, +৮৮০ ১৭২ ৯০৭ ৬৯৯৯ ফ্যাক্স: +৮৮০ ২ ৮৪৩ ২৩৪৬

ইমেইল: news@banglanews24.com (mailto:news@banglanews24.com) সম্পাদক ইমেইল: editor@banglanews24.com (mailto:editor@banglanews24.com)

Marketing Department: +880 961 212 3131 Extension: 3039 E-mail: marketing@banglanews24.com (mailto:marketing@banglanews24.com)

কপিরাইট © 2006-2022 banglanews24.com | একটি ইন্ট-ওয়েব মিডিয়া গ্রুপের (ইভলিউএমজিএল) প্রতিষ্ঠান

প্রথমবারের মতো পালিত হচ্ছে 'বিশ্ব জেলিফিশ দিবস'

কক্সবাজার প্রতিনিধি

০৩ নভেম্বর ২০২২, ১০:২৭



জেলিফিশ

জীববিজ্ঞানে রেডিয়াল বা অরীয় প্রতिसাম্যের প্রাণীর উদাহরণ হিসেবে উপহাসপন করা জেলিফিশকে। আর স্বচক্ষে এ জেলিফিশের দেখা পাওয়া যায় কক্সবাজারে এলে। তবে বঙ্গোপসাগরে প্রচুর জেলিফিশের দেখা পাওয়া গেলেও এ দেশে প্রাণিটি খাওয়া হয় না বলে এর কোনও অর্থনৈতিক মূল্য নেই। অথচ বিশ্বের বিভিন্ন দেশে জেলিফিশ খাদ্য হিসেবে এবং ওষুধ তৈরিতে ব্যবহৃত হচ্ছে। আমরাও দেশের অর্থনৈতিক উন্নতিতে এই প্রাণিটিকে কাজে লাগাতে পারি। আর সেই পথ দেখাতেই বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউটের (বিওআরআই) উদ্যোগে আজ বৃহস্পতিবার (৩ নভেম্বর) দিনব্যাপী নানা অনুষ্ঠানমালার মধ্য দিয়ে প্রথমবারের পালন করা হচ্ছে 'বিশ্ব জেলিফিশ দিবস'।

দিনটির কর্মসূচির মধ্যে রয়েছে 'জেলিফিশকে জানি, এই সামুদ্রিক সম্পদকে কাজে লাগাই' শীর্ষক একটি আন্তর্জাতিক সেমিনার।

বাংলাদেশ সমুদ্র গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) ও সমুদ্রবিজ্ঞানী সাঈদ মাহমুদ বেলাল হায়দার জানান, বৃহস্পতিবার ও নভেম্বর সকালে প্রতিষ্ঠানটির সেমিনার হলে অনুষ্ঠেয় এই আন্তর্জাতিক সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ফিশারিজ অনুষদের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. রাশেদ-উন-নবী এবং বিশেষ অতিথি থাকবেন চবির ফিশারিজ অনুষদের অধ্যাপক ড. আশরাফুল আজম খান, ভারতের আল্লামালায় বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. এস ব্রগদেশ্বরন এবং কী-নোট স্পিকার হিসেবে থাকবেন সাঈদ মাহমুদ বেলাল হায়দার। এ ছাড়া সেমিনারে আরও আলোচনা করবেন বাংলাদেশ ফিশারিজ রিসার্চ ইনস্টিটিউটের (বিএফআরআই) মেরিন ফিশারিজ অ্যান্ড টেকনোলজি স্টেশনের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. শফিকুর রহমান, পাঞ্জাবের লাভলী প্রফেশনাল বিশ্ববিদ্যালয়ের পিএইচডি স্কলার অমিতা কুমারী চৌধুরী, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওশানোগ্রাফি অনুষদের অ্যাসোসিয়েট প্রফেসর ড. এম গোলাম মোস্তফা, বোরির বৈজ্ঞানিক কর্মকর্তা মো. শিমুল ভূঁইয়া।

সমুদ্রবিজ্ঞানী সাঈদ জানান, সেমিনারটিতে জেলিফিশের বায়োলজি, টক্সিন ও মানবকল্যাণ, জেলিফিশ সংরক্ষণ ও চ্যালেঞ্জ নিয়ে আলোচনা করা হবে।



বঙ্গোপসাগরে প্রচুর জেলিফিশের দেখা পাওয়া যায়

বিজ্ঞানীরা জানান, মানুষের চেয়েও আদিম এই প্রাণিটির পৃথিবীতে আগমন প্রায় ৫০ কোটি বছর আগে। আর এই প্রাচীন প্রাণীটিকে সম্মান ও ভালোবাসা জানাতে ২০১৪ সাল থেকে বিশ্বব্যাপী এই দিবসটি পালন করা হচ্ছে। তবে নামে ফিশ বা মাছ হলেও জেলিফিশ আসলে মাছ নয়। এদের বাহ্যিক গঠনের সঙ্গে মাছের গঠনের কোনও মিল নেই। এরা মূলত নিডারিয়া পর্বের অমেরুদণ্ড প্রাণী এবং এতই বৈচিত্র্যময় যে, অনেক বিজ্ঞানী তাদের কেবল 'জেলাটিনাস জুপ্ল্যান্ডটন' হিসেবে উল্লেখ করেছেন। জেলিফিশের মাছের মতো আঁশ, ফুলকা বা পাখনা থাকে না। এর পরিবর্তে তারা তাদের গোলাকৃতি 'বেল' খোলা এবং বন্ধ করার মাধ্যমে সাঁতার কাটে। তাদের শরীর ৯৮ ভাগ পানি দিয়ে গঠিত। যখন তারা উপকূলে ভেসে চলে আসার পর তারা মাত্র কয়েক ঘণ্টায় অদৃশ্য হয়ে যেতে পারে। কারণ তাদের দেহ দ্রুত বাতাসে বাষ্প হয়ে যায়। তাদের কোনও মস্তিষ্ক নেই, কেবল একটি প্রাথমিক স্নায়ুতন্ত্র রয়েছে। জেলিফিশ সমুদ্রের নিচের খাদ্যশৃঙ্খলে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, যদিও এরা অপেক্ষাকৃত ছোট ও সহজ প্রাণী। এরা সমুদ্রের সূক্ষ্ম বাস্তুতন্ত্রে ভারসাম্য বজায় রাখতে সহায়তা করে। এরা এক ধরনের প্লাংকটন বলে গভীর সমুদ্রের কচ্ছপ, সানফিশ, স্পেডফিশ, টুনা, হাঙর, কাঁকড়া এবং বিভিন্ন ক্রাস্টাশিয়ানের প্রিয় খাদ্য। অন্যদিকে সামুদ্রিক শৈবাল, জুয়োগ্লাংকটন এবং ছোট ছোট চিংড়ি জেলিফিশের প্রিয় খাদ্য। আর এভাবে এসব সামুদ্রিক প্রাণীর প্রজনন সংখ্যা নিয়ন্ত্রণের মাধ্যমে জেলিফিশ একটি স্বাস্থ্যকর সামুদ্রিক ভারসাম্য বজায় রাখতে সাহায্য করে।

বাংলাদেশ সমুদ্র গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক সাঈদ মাহমুদ বেলাল হায়দার বলেন, 'পৃথিবীতে প্রায় ১০ হাজার প্রজাতির জেলিফিশ রয়েছে। প্রায়ই সমুদ্র বিজ্ঞানীরা জেলিফিশ এবং অন্যান্য জীবের মধ্যে ভারসাম্যহীনতা দেখার মাধ্যমে সমুদ্রের স্বাস্থ্য নিরীক্ষা করেন। এ ছাড়া কার্বন ক্যাপচারে এবং গভীর সমুদ্রে মাছের বিকাশের জন্য মাইক্রোহ্যাবিটেট তৈরিতেও জেলিফিশের অবদান রয়েছে। তাদের যথেষ্ট অভিযোজন ক্ষমতা রয়েছে। জলবায়ু পরিবর্তনের সঙ্গে সঙ্গে এদের সংখ্যা উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাচ্ছে, যা হুমকিস্বরূপ। তবে জেলিফিশের কিছু কিছু প্রজাতি দীর্ঘদিন ধরে বিশ্বের বেশ কিছু অঞ্চলে মানুষের খাদ্যের অংশ হয়ে ওঠেছে। চায়না, জাপান এবং কোরিয়ার মতো বেশ কিছু জায়গায় এটি খুব মজার খাবার হিসেবে বিবেচিত।'

তিনি জানান, জাপানিরা জেলিফিশকে ক্যান্ডিতে রূপান্তরিত করেছে। এক ধরনের মিষ্টি ও নোনতা ক্যারামেল, চিনি, স্টার্চ সিরাপ এবং জেলিফিশ পাউডার দিয়ে তৈরি করা হয় সেই ক্যান্ডি। যা বেশ ব্যয়বহুল এবং সুস্বাদুও বটে। এ ছাড়াও সালাদে, নুডলসে এবং সয়া সস দিয়ে প্রায়ই এদের খাওয়া হয়। থাইল্যান্ড জেলিফিশ রফতানি করে বৈদেশিক মুদ্রা অর্জন করছে। এ ছাড়াও কোলাজেনের উৎস হিসেবে বৈজ্ঞানিক গবেষণায়, ওষুধ শিল্পে এবং বিশ্বজুড়ে পাবলিক অ্যাকুরিয়ামে জেলিফিশ প্রদর্শিত হয়।

/এমএএ/

দেশবিদেশ

বৃহস্পতিবার

০৩ নভেম্বর ২০২২ ইং

বিশ্ব জেলিফিশ দিবস আজ

জেলিফিশ দিবস

আজ বিশ্ব জেলিফিশ দিবস, প্রতিবছর নভেম্বরের ৩ তারিখ বিশ্বব্যাপী এই দিনটি উদ্‌যাপন করা হয়। মূলত মানুষের চেয়ে আদিম, প্রায় ৫০০ মিলিয়ন বছর পূর্বেরও পৃথিবীতে জাগত এই প্রাণীটিকে সম্মানার্থে এই দিবসটি পালন করা। যদিও তবে থেকে এই দিবসটির উৎপত্তি তা অস্পষ্ট। তবে বিভিন্ন সূত্রমতে ২০১৪ সাল হতে এই দিবসটি নিয়মিত পালিত হয়ে আসছে। বিভিন্ন পোলারের যখন বসন্ত কাল তখন বিশ্ব জেলিফিশ দিবসটি পালন করা হয় কারণ, এই মৌসুম থেকেই তারা উত্তর পোলারের দিকে অভিবাসন শুরু করে। তাদের নাম জেলিফিশ হলেও তারা আসলে মাছ নয় এবং স্বাভাবিক পঠনে তাদের সাথে মাছের কোনরূপ মিল পাওয়া যায় না। এরা মূলত নিতরায়ী পর্বের অমেতনসী প্রাণী এবং এরা একই কৈরিন্দায় যে অনেক বিজ্ঞানী তাদের কেবল "ক্লেস্টারিফিস স্ক্যালারটিন" হিসাবে উল্লেখ করেছেন। জেলিফিশের মাছের মতো আঁশ, ফুলকা বা পানমা থাকে না। এর পিছনে, তারা তাদের পোলারকৃত "সেলা" খোলা



এক, বন্ধ করার মাধ্যমে সীতার কাটে। তাদের পর্বীর ৯৮ ভাগ শানি ধারা গঠিত। যখন তারা উপকূলে ভেদে চলে আসে, তারা মারা কয়েক ঘণ্টা পরে অল্প হয়ে যেতে পারে, তাদের সেই অধিন্যে বাতাসে বাষ্প হয়ে যায়। তাদের কোনো মস্তিষ্ক নেই, শুধুমাত্র একটি প্রাথমিক স্নায়ুতন্ত্র রয়েছে। এছাড়া এদের যথেষ্ট অভিযোজন ক্ষমতা রয়েছে, জলবায়ু পরিবর্তনের সাথে সাথে এদের সংখ্যা উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাবে, যা হুমকী পূর্ণ। এখন পর্যন্ত পৃথিবীতে তাদের ১০,০০০ এরও বেশি প্রজাতি বিদ্যমান। জেলিফিশের কিছু কিছু প্রজাতি নিয়মিত ধরে বিশ্বের বেশ কিছু অঞ্চলে মানুষের বাসের অংশ হয়ে

উঠেছে। চলে, জাপান এবং কোরিয়ার মতো বেশ কিছু জায়গায় এটি খুব মজার খাবার হিসেবে বিবেচিত। প্রকৃতপক্ষে, জাপানিরা জেলিফিশকে ব্যক্তিগত রপ্তানিকৃত করেছে, এক ধরনের মিষ্টি এবং সোমতা ব্যায়ামের, তিনি, সীতাঁ নিরাপ এবং জেলিফিশ পাউডার দিয়ে তৈরী করা হয় যা ব্যায়কল ও সুস্বাদুও বটে। এছাড়াও সপাতলে, মৃতদেহে এক স্নায়ু স্নায়ু (একটি পৃষ্ঠা ২ কলাম ১)

উঠেছে। চলে, জাপান এবং কোরিয়ার মতো বেশ কিছু জায়গায় এটি খুব মজার খাবার হিসেবে বিবেচিত। প্রকৃতপক্ষে, জাপানিরা জেলিফিশকে ব্যক্তিগত রপ্তানিকৃত করেছে, এক ধরনের মিষ্টি এবং সোমতা ব্যায়ামের, তিনি, সীতাঁ নিরাপ এবং জেলিফিশ পাউডার দিয়ে তৈরী করা হয় যা ব্যায়কল ও সুস্বাদুও বটে। এছাড়াও সপাতলে, মৃতদেহে এক স্নায়ু স্নায়ু (একটি পৃষ্ঠা ২ কলাম ১)

বিশ্ব জেলিফিশ

প্রায়শই এদের খাওয়া হয়। পৃথিবীতে প্রতি বছর জেলিফিশ রঙিন করে বৈশেষিক মুদ্রা আনি করতে। এ ছাড়াও জেলিফিশ কোলাজের উৎস হিসেবে বৈজ্ঞানিক ব্যবহার, ঔষধ শিল্পে এবং সারা বিশ্বজুড়ে পর্যটক এন্থ্রিপিয়েনে প্রদর্শিত হয়। জেলিফিশ সমুদ্রের নীচের বানা শৃঙ্খলে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। যদিও তারা অপেক্ষাকৃত ছোট এবং সহজ প্রাণী, তারা সমুদ্রের সূক্ষ্ম ব্যস্তকরে ভরসোনা বজায় রাখতে সহায়তা করার জন্য দায়ী। যেহেতু তারা এক ধরনের প্রোকেটিন, পর্বীর মীল সমুদ্রের কচ্ছপ, সার্কিশ, স্পোরফিশ, টুনা, মাছ, কীটপতঙ্গ এবং বিভিন্ন অস্টেশিয়ানের খিদে খায়। অন্যদিকে সামুদ্রিক সৈকাল, জুরোপ্রোকটিন এবং যেটি যেটি জেলিফিশের খিদে খায়। আর এইভাবে এদের সামুদ্রিক প্রাণীদের জন্মসম্বন্ধে নিয়ন্ত্রণের মাধ্যমে জেলিফিশ একটি স্বাভাবিক সামুদ্রিক ভারসাম্য বজায় রাখতে সাহায্য করে। প্রায়শই সমুদ্র বিজ্ঞানীরা জেলিফিশ এবং অন্যান্য জীবের মধ্যে ভারসাম্যমূলকতা দেখার মাধ্যমে সমুদ্রের স্বাস্থ্য নির্মাণ করেন। এছাড়া কার্বন ডায়ক্সাইড এবং পর্বীর সমুদ্রে মাছের বিকাশের জন্য অক্সিজেনের পরিমাণের জেলিফিশের অবদান রয়েছে। বিশ্ব জেলিফিশ দিবস উপলক্ষে আর বাংলাদেশ প্রাথমিকভাবে কিশোর ইন্সটিটিউট (বিএফআরআই) -এ সার্বজনীন ব্যাপী একটি ইন্টারন্যাশনাল সেমিনারের আয়োজন করা হয়েছে। সেমিনারটির মূল প্রতিপাদ্য বিষয় "কল্পিত" হবে ঔষধমূলক, ঔষধহীন এবং ভ্রমবহন জনকবিশিষ্ট। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন চীনে বিশ্ববিদ্যালয়ের বিশপীজ অনুদের প্রফেসর ডাঃ আশরাফুল আযম বাদ, ইন্ডিয়ায় অ্যান্ডামালয় বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ডাঃ এম. সুর্যসেন্দন, নেদারল্যান্ড বিশ্বাল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ডাঃ অনুদের আনসেলিট প্রফেসর ডাঃ এম. সোলম মোরফা এবং কিশোর স্ট্রীটার হিসেবে থাকবেন আর প্রতিষ্ঠানের মহাপরিচালক সাদান মাহমুদ কোলম মাদার। এছাড়াও বিশেষ বক্তা হিসেবে বক্তব্য রাখবেন আর প্রতিষ্ঠানের বৈজ্ঞানিক কর্মকর্তা মোঃ শিবুল হুইদা, বাংলাদেশ বিশপীজ রিসার্চ ইন্সটিটিউট (বিএফআরআই) এর মেইন বিশপীজ এড টেকনোলজি স্টেশনের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ডাঃ শহিদুল রহমান এবং পঞ্জাবের লাজলী প্রফেশনাল বিশ্ববিদ্যালয়ের শিএইচডি অদার অমিতা কুমারী চৌধুরী। সেমিনারটিতে জেলিফিশের ব্যবহারিক, উদ্ভিদ এবং মানব কল্যাণ, জেলিফিশ স্নায়ু, সার্কোল, প্রায়শই এবং ডায়ালক বিধে আলোচনা করা হবে।

আজকের দর্পণ

বিশ্ব জেলিফিশ দিবস আজ

প্রকাশিত: বৃহস্পতিবার ০৩ নভেম্বর ২০২২ | ছালানাগাদ: বৃহস্পতিবার ০৩ নভেম্বর ২০২২



দর্পণ নিউজ ডেস্ক



আজ বৃহস্পতিবার বিশ্ব জেলিফিশ দিবস। প্রতিবছর ৩ নভেম্বর বিশ্বব্যাপী দিনটি উদযাপন করা হয়। তবে বাংলাদেশে এবারই প্রথম দিবসটি পালিত হচ্ছে। এ উপলক্ষে আজ কক্সবাজারে বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউটে (বিওআরআই) দিনব্যাপী একটি আন্তর্জাতিক সেমিনারের আয়োজন করা হয়েছে।

প্রায় ৫০০ মিলিয়ন বছর আগে থেকে পৃথিবীতে জেলিফিশের বাস। মানুষের চেয়ে আদিম এই প্রাণীর সম্মানার্থে দিবসটি পালন করা হয়। যদিও কখন থেকে দিবসটির উৎপত্তি, তা অস্পষ্ট। তবে বিভিন্ন সূত্র মতে ২০১৪ সাল থেকে দিবসটি নিয়মিত পালিত হয়ে আসছে। দক্ষিণ গোলার্ধে যখন বসন্তকাল তখন বিশ্ব জেলিফিশ দিবসটি পালন করা হয়। কারণ এই মৌসুম থেকেই প্রাণিকুলো উত্তর গোলার্ধের দিকে অভিবাসন শুরু করে। সামুদ্রিক এই প্রাণির নাম জেলিফিশ হলেও আসলে এরা মাছ নয়। এমনকি বাহ্যিক গঠনে এদের সঙ্গে মাছের কোনোরূপ মিল পাওয়া যায় না।

জেলিফিশের কিছু কিছু প্রজাতি দীর্ঘদিন ধরে বিশ্বের বেশ কিছু অঞ্চলে মানুষের খাদ্যের অংশ হয়ে উঠেছে। চীন, জাপান ও কোরিয়ার মতো বেশ কিছু জায়গায় এটি খুব মজার খাবার হিসেবে বিবেচিত। সালাদে, সুভলসে এবং সস দিয়ে প্রায়ই এদের খাওয়া হয়। থাইল্যান্ড প্রতিবছর জেলিফিশ রঙানি করে বৈদেশিক মদ্রা অর্জন করছে। এ ছাড়া জেলিফিশ কোলাজেনের উৎস হিসেবে বৈজ্ঞানিক গবেষণায়, গুয়ুথশিল্পে এবং বিশুদ্ধে পাবলিক অ্যাকোয়ারিয়ামে প্রদর্শিত হয়।

সামুদ্রিক বিজ্ঞানী এবং বিওআরআইয়ের মহাপরিচালক সাঈদ মাহমুদ বেলাল হায়দার বলেন, জেলিফিশ সমুদ্রের নিচের খাদ্যশৃঙ্খলে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, এটি যদিও অপেক্ষাকৃত ছোট ও সহজ প্রাণি।



কালের বর্ধ

আপডেট : ৩ নভেম্বর, ২০২২ ০১:৫২

বিশ্ব জেলিফিশ দিবস আজ



আজ বৃহস্পতিবার বিশ্ব জেলিফিশ দিবস। প্রতিবছর ৩ নভেম্বর বিশ্বব্যাপী দিনটি উদযাপন করা হয়। তবে বাংলাদেশে এবারই প্রথম দিবসটি পালিত হচ্ছে। এ উপলক্ষে আজ কক্সবাজারে বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউটে (বিওআরআই) দিনব্যাপী একটি আন্তর্জাতিক সেমিনারের আয়োজন করা হয়েছে।

প্রায় ৫০০ মিলিয়ন বছর আগে থেকে পৃথিবীতে জেলিফিশের বাস। মানুষের চেয়ে আদিম এই প্রাণীর সম্মানার্থে দিবসটি পালন করা হয়। যদিও কখন থেকে দিবসটির উৎপত্তি, তা অস্পষ্ট। তবে বিভিন্ন সূত্র মতে ২০১৪ সাল থেকে দিবসটি নিয়মিত পালিত হয়ে আসছে।

দক্ষিণ গোলার্ধে যখন বসন্তকাল তখন বিশ্ব জেলিফিশ দিবসটি পালন করা হয়। কারণ এই মৌসুম থেকেই প্রাণীগুলো উত্তর গোলার্ধের দিকে অভিবাসন শুরু করে। সামুদ্রিক এই প্রাণীর নাম জেলিফিশ হলেও আসলে এরা মাছ নয়। এমনকি বাহ্যিক গঠনে এদের সঙ্গে মাছের কোনোরূপ মিল পাওয়া যায় না।

জেলিফিশের কিছু কিছু প্রজাতি দীর্ঘদিন ধরে বিশ্বের বেশ কিছু অঞ্চলে মানুষের খাদ্যের অংশ হয়ে উঠেছে। চীন, জাপান ও কোরিয়ার মতো বেশ কিছু জায়গায় এটি খুব মজার খাবার হিসেবে বিবেচিত। সালাদে, নুডলসে এবং সয়া সস দিয়ে প্রায়ই এদের খাওয়া হয়। থাইল্যান্ড প্রতিবছর জেলিফিশ রপ্তানি করে বৈদেশিক মদ্রা অর্জন করছে। এ ছাড়া জেলিফিশ কোলাজেনের উৎস হিসেবে বৈজ্ঞানিক গবেষণায়, ওষুধশিল্পে এবং বিশ্বজুড়ে পাবলিক অ্যাকোয়ারিয়ামে প্রদর্শিত হয়।

সামুদ্রিক বিজ্ঞানী এবং বিওআরআইয়ের মহাপরিচালক সাঈদ মাহমুদ বেলাল হায়দার বলেন, জেলিফিশ সমুদ্রের নিচের খাদ্যাশৃঙ্খলে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, এটি যদিও অপেক্ষাকৃত ছোট ও সহজ প্রাণী।



Jellyfish can be added to export basket

Int'l seminar on World Jellyfish Day held at Cox's Bazar

Cox's Bazar Correspondent

A lot of jellyfish are found in the Bay of Bengal. Jellyfish have great food value and jellyfish are of economic importance in the pharmaceutical and cosmetics industries. It is possible to earn foreign exchange by extracting jellyfish commercially and exporting it.

This opinion was expressed by the panelists of the international seminar titled 'Know Jellyfish, Utilize This Marine Resource' on Thursday morning. This international seminar is organized by Bangladesh Ocean Research Institute.

Director General (Additional Secretary) and Oceanographer Syed Mahmood Belal Haider was the chief guest on the occasion.

Chittagong University Fisheries Faculty Chairman Professor Dr. Md. Rashed-un-Nabi.

Special guests were Dr. Shafiqur Rahman, Chief Scientific Officer of

Marine Fisheries and Technology Station of Bangladesh Fisheries Research Institute (BFRI), Professor Ashrafur Azam Khan of Chabir Fisheries Faculty, Associate Professor of Oceanography Faculty of Noakhali Science and Technology University Dr. M. Golam Mustafa. Besides, Professor Dr. S. Annamalai University of India, Bragadeswaran and Amita Kumari Chowdhury, Phd scholar of Lovely Professional University of Punjab and others participated in the discussion in the virtual seminar.

In the seminar, it was informed that jellyfish is not a fish despite its name. Jellyfish have existed in the world's oceans for about 5 billion years. A lot of jellyfish are found in the sea coast and deep sea of Bangladesh. The seminar discussed biology, toxins and human welfare, jellyfish bloom conservation and prospects and challenges.

দৈনিক আজাদী

৪ নভেম্বর শুক্রবার ২০২২ খ্রি. ১৯ কার্তিক ১৪২৯ সাল

৮ রবিউল সানি ১৪৪৪ হিজরি



কক্সবাজারে বিশ্ব জেলিফিশ দিবসের সেমিনারে বিজ্ঞানীরা -প্রতিনিধি

কক্সবাজারে সেমিনারে বক্তারা ওষুধ ও কসমেটিক্স তৈরিতে ব্যবহৃত হয় জেলিফিশ

কক্সবাজার প্রতিনিধি ||

'বঙ্গোপসাগরের প্রাণী জেলিফিশ বাংলাদেশের জন্যও একটি গুরুত্বপূর্ণ সম্পদ হয়ে উঠতে পারে। প্রাণীটি দেশের সুনীল অর্থনীতিতে রাখতে পারে এক উল্লেখযোগ্য ভূমিকা। বর্তমানে বিশ্বের বিভিন্ন দেশে জেলিফিশ থেকে তৈরি হচ্ছে সার, কীটনাশক, ওষুধ ও কসমেটিক্সসহ নানা পণ্য। খাদ্য হিসাবেও জনপ্রিয় কিছু প্রজাতির জেলিফিশ। অথচ দেশে এর কোনো অর্থনৈতিক মূল্যই নেই। গতকাল বৃহস্পতিবার 'বিশ্ব জেলিফিশ দিবস' উদযাপন উপলক্ষে কক্সবাজারস্থ বাংলাদেশ গণশাসনোন্নয়ন রিসার্চ ইনস্টিটিউটের (বিওআরআই) উদ্যোগে আয়োজিত এক আন্তর্জাতিক সেমিনারে বিজ্ঞানীরা এমন মতামত পেশ করেন। 'জেলিফিশকে জানি, এই সামুদ্রিক সম্পদকে কাজে লাগাই' শীর্ষক উক্ত সেমিনারে বিজ্ঞানীরা আরো বলেন, পৃথিবীতে প্রায় ২ হাজার প্রজাতির জেলিফিশ আছে। এর মধ্যে ১০/১২ প্রজাতির জেলিফিশ খাওয়া যায়। আর আমাদের বঙ্গোপসাগরেরও অন্তত একটি জেলিফিশ খাওয়ার উপযোগী। বৃহস্পতিবার সকালে বাংলাদেশ সমুদ্র গবেষণা ইনস্টিটিউটের সেমিনার হলে প্রতিষ্ঠানটির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) ও সমুদ্রবিজ্ঞানী সাঈদ মাহমুদ বেলাল হায়দারের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ও বিশেষ অতিথির বক্তব্য দেন বথাক্রমে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ফিশারিজ অনুষদের চেয়ারম্যান প্রফেসর ড. মো. রাশেদ-উন-নবী, বাংলাদেশ ফিশারিজ রিসার্চ ইনস্টিটিউটের (বিএফআরআই) মেরিন ফিশারিজ এন্ড টেকনোলজি স্টেশনের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. শফিকুল রহমান ও নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের গণশাসনোন্নয়ন রিসার্চ ইনস্টিটিউটের প্রফেসর ড. এম গোলাম মোস্তফা। প্রফেসর ড. আশরাফুল আজম খানের সভাপত্বিত্ব আয়োজনে অংশ নেন সমুদ্রবিজ্ঞানী সাঈদ মাহমুদ বেলাল হায়দার, প্রফেসর ড. ব্রগদেশ্বর সুব্রানিয়াম, ড. শফিকুল রহমান, অমিতা কুমারী চৌধুরী ও মো. শিমুল ভূঁইয়া।

দৈনিক ইলানা

০৪ নভেম্বর শুক্রবার ২০২২ ॥ শেষ পাতা

জেলিফিশ আহরণে সরকারি উদ্যোগ চায় বিজ্ঞানীরা

নিজস্ব প্রতিবেদক ॥

জেলিফিশের আহরণ এবং প্রক্রিয়া করণের মাধ্যমে ব্যবহার উপযোগি করে রপ্তানি করা গেলে দেশের অর্থনীতিতে নতুন দিগন্ত উন্মোচন হবে বলে মন্তব্য করেছেন বিজ্ঞানীরা। তাই রষ্ট্রীয়ভাবে অধিকতর গবেষণার মাধ্যমে জেলিফিশ আহরণ ও রপ্তানির উদ্যোগ নেওয়ার আহ্বান তাদের। বৃহস্পতিবার বিশ্ব জেলিফিশ দিবস উপলক্ষে আন্তর্জাতিক সেমিনারের আয়োজন করে বাংলাদেশ সমুদ্র গবেষণা ইনস্টিটিউট। সেমিনারে জেলিফিশের উপর করা গবেষণা প্রবন্ধে এর অর্থনৈতিক গুরুত্ব তুলে ধরেন ইনস্টিটিউটের মহাপরিচালক সাঈদ মাহমুদ বেলাল হায়দার। জেলিফিশ সমুদ্রের অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি সম্পদ যা এখনো অবহেলা এবং গবেষণার বাইরে থেকে গেছে।

স্বাধচ চীন, জাপান, কুরিয়াসহ পৃথিবীর বিভিন্ন দেশে এই জেলিফিশের খাবার চাহিদা সবচেয়ে বেশি। শুধু খাবার নয়, ওষুধ তৈরী, সাগরের বাস্তুসংস্থান রক্ষাসহ নানা কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে জেলিফিশ। এর উৎপাদনও হয় সবচেয়ে বেশি। এসব তথ্য উপস্থাপন করে সাঈদ মাহমুদ বেলাল হায়দার জেলিফিশ আহরণের দিকে সরকারের নজর দেওয়া উচিত বলে জানান তিনি। সেমিনারে প্রধান অতিথি ছিলেন সমুদ্র বিজ্ঞানী ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষক অধ্যাপক রাশেদুররবী। এছাড়াও নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে শিক্ষক গোলাম মোস্তফা, মৎস্য গবেষণা ইনস্টিটিউটের মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. শফিকুর রহমানসহ (এরপর পৃষ্ঠা ২ কলাম ২)

জেলিফিশ আহরণে সরকারি

বিভিন্ন দেশের বিজ্ঞানীরা বক্তব্য রাখেন।



কক্সবাজার সমুদ্রসৈকতে ভেসে আসা জেলিফিশ

সমকাল

সমুদ্র গবেষণা ইনস্টিটিউটের প্রতিবেদন

রপ্তানি আয়ে জেলিফিশ রাখতে পারে অবদান

কক্সবাজার প্রতিদিন

নাম জেলিফিশ হলেও এটি মছে নয়, অমেয়লনদী প্রাণী। চীন, জাপান, কোরিয়ারসহ বিভিন্ন দেশের মানুষের জনপ্রিয় খাদ্য জেলিফিশ। মাইক্রোপ্রাণিকের ফিলটার, স্কাটোপক, শুকু ও বিভিন্ন প্রসাধনী তৈরিতে ব্যবহৃত হয় সাগরের অবহেলিত প্রাণীটি। সরকার উদ্যোগ নিলে জেলিফিশ রপ্তানি করে দেশের অর্থনৈতিক উন্নতি করা সম্ভব।

বিশ্ব জেলিফিশ দিনসে উপলক্ষে গতকাল বৃহস্পতিবার কক্সবাজারে এক আন্তর্জাতিক সেমিনারে বাংলাদেশ সমুদ্র গবেষণা ইনস্টিটিউটের করা গবেষণা প্রতিবেদনে এশর তথ্য উঠে এসেছে। প্রতিবেদনটি উপস্থাপন করে সমুদ্র গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) ও সমুদ্রবিজ্ঞানী সাগিন্দ মাহমুদ বেলাল হায়দার, জ্ঞানান, পৃথিবীতে দুই হাজার প্রজাতির জেলিফিশ থাকলেও বাংলাদেশে আছে মাত্র ছয় প্রজাতির। চোখের পানি কমে গেলে তা পুরণে লাগে জেলিফিশ। সাগরে কচ্ছপের প্রধান খাবার এটি। জেলিফিশ না থাকলে সাগর থেকে কচ্ছপ হারিয়ে যাবে।

তিনি বলেন, ৯৮ শতাংশ পানি দ্বারা গঠিত জেলিফিশের শরীরে হাড় নেই। মানুষের চেয়ে আদিম প্রাণিটির পৃথিবীতে আগমন প্রায় ৫০ কোটি বছর আগে। এদের ব্যাচিক পর্বনের সঙ্গে মাছের পর্বনের কোনো মিল নেই। এরা মূলত নিষ্কারিতা পর্বের

অমেয়লনদী প্রাণী। তিনি আরও বলেন, জেলিফিশ সমুদ্রের নিচের খাদ্যশৃঙ্খলে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সমুদ্রের সুস্থ রাখতেই তারসাধ্য কাজের রাখতে সহায়তা করে। তবে ভোগ্যপ্রাণী হওয়ায় জেলিফিশ রপ্তানি রুয়েছে অসার সত্তাবনা।


সেমিনারে জানানো হয়, ২০০৯ সালে জেলিফিশ নিয়ে বাংলাদেশে গবেষণা শুরু হলেও প্রথমেই পূর্ণরূপে গবেষণা করল বাংলাদেশ সমুদ্র গবেষণা ইনস্টিটিউট। গত ৩ ও ৪ আগস্ট কক্সবাজার সৈকতের লায়নী পর্যায় থেকে হিমছত্রি পর্যন্ত শীত-কিমোনিটাজ এলাকায় সহস্রাধিক জেলিফিশ ভেসে আসে। এরপরই আনুমানিক গবেষণা শুরু করে সমুদ্র গবেষণা ইনস্টিটিউট। গবেষণায় জেলিফিশের অর্থনৈতিক গুরুত্ব প্রামাণ্য পেয়েছে।

জেলিফিশকে জানি, এই সামুদ্রিক সম্পদকে কাজে লাগাই'- প্রোগ্রামে কক্সবাজারে আয়োজিত সেমিনারে ভারতীয় প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ফিশারিজ অনুষদের চেয়ারম্যান অধ্যাপক মো. রাশেদ-উন-নবী। চবির ফিশারিজ অনুষদের অধ্যাপক আশরাফুল আজম খান, ভারতের আন্ডামান বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এস ব্রহ্মদেশ্বরন, সিএফআরআইর মেরিন ফিশারিজ-আন্ড টেকনোলজি স্টেশনের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা শফিকুর রহমান প্রমুখ বক্তব্য দেন।

ফিচার

প্রকাশিত: ০৯:৫২, ৩ নভেম্বর ২০২২

আজ বিশ্ব জেলিফিশ দিবস



ফাইন ছবি

প্রতি বছর প্রতিমাসের নির্দিষ্ট কিছু দিনে বিভিন্ন দেশে কিছু দিবস পালিত হয়। ঐ নির্দিষ্ট দিনে অতীতের কোনো গুরুত্বপূর্ণ ঘটনাকে স্মরণ করা বা গুরুত্বপূর্ণ বিষয়ে জনসচেতনতা তৈরি করতেই এই সব দিবস পালিত হয়। পালনীয় সেই সব দিবসগুলোর মধ্যে একটি হলো বিশ্ব জেলিফিশ দিবস।

বিশ্ব জেলিফিশ দিবস প্রতিবছর ৩ নভেম্বর বিশ্বব্যাপী দিনটি উদযাপন করা হয়। তবে বাংলাদেশে এবারই প্রথম দিবসটি পালিত হচ্ছে। এ উপলক্ষে আজ কক্সবাজারে বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউটে (বিওআরআই) দিনব্যাপী একটি আন্তর্জাতিক সেমিনারের আয়োজন করা হয়েছে।



জেলিফিশ এক ধরনের অমেব্রুদভী প্রাণী যাদের পৃথিবীর সব মহাসাগরে দেখতে পাওয়া যায়। নামে 'ফিশ' হলেও এটি মাছ নয়, এর মেব্রুদভ নেই। এমনকি বাহ্যিক গঠনে এদের সঙ্গে মাছের কোনোরূপ মিল পাওয়া যায় না। ঘটাকৃতি জেলিসদৃশ প্রাণীটি প্রাণীজগতের নিভারিয়া পর্বের সিমফোজোয়া শ্রেণীর অন্তর্গত। জেলিটিন সমৃদ্ধ ছাতার মতো অংশ এবং কুলে পড়া কর্শিকা - এ দুই অংশে প্রাণীটির দেহ গঠিত।

অন্তত পাঁচ হাজার কোটি বছর ধরে সাগরে এদের বাস। বিজ্ঞানীদের ধারণা এই প্রাণীটির শুরু ডাইনোসোরের চেয়ে আরো তিন গুণ আগে। দক্ষিণ গোলার্ধে যখন বসন্তকাল তখন বিশ্ব জেলিফিশ দিবসটি পালন করা হয়। কারণ এই মৌসুম থেকেই প্রাণীগুলো উত্তর গোলার্ধের দিকে অভিবাসন শুরু করে। মানুষের চেয়ে আদিম এই প্রাণীর সম্মানার্থে দিবসটি পালন করা হয়। যদিও কখন থেকে দিবসটির উদ্ভব, তা অস্পষ্ট। তবে বিভিন্ন সূত্র মতে ২০১৪ সাল থেকে দিবসটি নিয়মিত পালিত হয়ে আসছে।

আগেই বলে নিচ্ছি অসম্ভব সুন্দর এই প্রাণীটির মাথা ও হৃদয় বলতে কিছু নেই। অথচ কোন প্রাণী লাভাররা এর প্রেমে পড়ে যায়। এদের দেহের ৯৮ শতাংশই পানি দিয়ে গঠিত। জেলিফিশের ই এক প্রজাতি বক্স জেলিফিশ এর আছে লম্বা কর্শিকা যা নেমাটোসিস্ট ও বিষ বহন করে। এর হলের আঘাত প্রাণঘাতী হতে পারে এবং মাত্র চার মিনিটেই শিকারকে মেরেও ফেলতে পারে অর্থাৎ সাপের বিষকেও হার মানিয়ে দেয়। এগুলোর বিষ-রোধক এখনো আবিষ্কৃত হয়নি। প্রতিটি বক্স জেলিফিশে ৬০ টিরও বেশি মানুষকে হত্যা করার মতো পর্যাপ্ত পরিমাণ বিষ জমা থাকে।

জেলিফিশ সংকুচিত হয়ে পেলিলের সাথে লাগানো রাবারের ন্যায় ছোট হতে পারে আবার প্রসারিত হয়ে ৫০০ পাউন্ডের মত আকারের প্রসারিত হতেও পারে। সবচেয়ে ছোট স্টারোক্লাদিয়া ও ইলেউথেরিয়া জেনারায় রয়েছে, যাদের বেল ডিস্ক রয়েছে মাত্র ০.৫ মিলিমিটার থেকে কয়েক মিলিমিটার ব্যাস পর্যন্ত। অপরদিকে বিশ্বের বৃহত্তম জেলিফিশ লায়ন ম্যান জেলিফিশ। এরা প্রায় ১২০ ফুট পর্যন্ত প্রসারিত হতে পারে! তবে ওজন এবং ব্যাসের দ্বারা সম্ভবত বিশ্বের বৃহত্তম জেলিফিশ হ'ল টাইটানিক নোমুরার জেলিফিশ। এদের ওজন ৪৪০ পাউন্ড পর্যন্ত হতে পারে।

মুন জেলিফিশের শরীরের মাঝখানে চির ধরে আবার জোড়া লেগে যায়। অঙ্গ প্রত্যঙ্গ বিচ্ছিন্ন হয়ে যায়, আবার টিস্যুগুলো জন্মায় আর আগের অবস্থায় ফিরে যায়। চীনের শিয়ামেন বিশ্ববিদ্যালয়ের সামুদ্রিক জীববিদ্যার ছাত্র জিনরু হে ২০১১ সালে সাগর থেকে একটি পুরুষ মুন জেলিফিশ সংগ্রহ করে গবেষণাগারে লালন-পালন শুরু করেন। ১৮ মাস পরে প্রাণীটি বৃদ্ধ বয়সে পৌঁছে মরে যায়।

জিনরু সেই মরদেহটি নতুন পাত্রে নিয়ে নতুন পানিতে রেখে দেন এবং সতর্ক পর্যবেক্ষণ অব্যাহত রাখেন। তিন মাস পরে আবার করার মতো ঘটনা ঘটে। মৃত দেহ থেকে নতুন শাখা প্রশাখা গজাতে শুরু করে। গবেষকেরা বলেন, জেলিফিশের নিষিক্ত ডিম সাধারণত শুককীটে পরিণত হয়। আর তা থেকেই প্রত্যঙ্গ গঠিত হয়। ক্যান্সারের কোষের কার্যক্রমের সঙ্গে মুন জেলিফিশের শরীর পুনর্গঠনের প্রক্রিয়ার মিল রয়েছে। ক্যান্সার কোষও এ রকম অনিয়ন্ত্রিতভাবে ছড়ায়।

কখনই বার্থক্য আসেনা ব্যাকওয়র্ড এজিং জেলিফিশের। বয়সের ভারে এদের মৃত্যু হয়না। বয়সকে লুকিয়ে ফের যৌবনে ফিরে যাওয়ার অদ্ভুত ক্ষমতা রয়েছে এই প্রাণীটির। কখনো এসব জেলিফিশের দেহের কোনো

অংশে আঘাত লাগলে বা অসুস্থ হয়ে পড়লে সঙ্গে সঙ্গে এরা 'পলিপ দশা' তে চলে যায়। পলিপের আকারে দেহের চারপাশে মিউকাস মেমব্রেন তৈরি করে তারা। এরপর ক্ষতিগ্রস্থ অংশ সেরে উঠলেই পলিপ অবস্থা থেকে বেরিয়ে আসে তারা। তখন বিজ্ঞানীরা এটা দেখে অবাক হন যে, পলিপ অবস্থা থেকে বের হয়ে আসা জেলিফিশগুলোর দেহের প্রায় সব কোষই নতুন ও সজীব।

আর এভাবেই নিজেদের বয়স কমিয়ে যৌবনে চলে আসে তারা। বিজ্ঞানীরা দেখেছেন, এসব জেলিফিশ তিন দিন পলিপ অবস্থায় থেকে শরীরের সব কোষ রূপান্তর করে ফেলে। বিজ্ঞানীরা বলছেন, বার্ষিক্যে উপনিহিত হলে জেলিফিশেরা বার্ষিক্যের উল্টো দিকে ধাবিত হয়।

জেলিফিশের কিছু কিছু প্রজাতি দীর্ঘদিন ধরে বিশ্বের বেশ কিছু অঞ্চলে মানুষের খাদ্যের অংশ হয়ে উঠেছে। চীন, জাপান ও কোরিয়ার মতো বেশ কিছু জায়গায় এটি খুব মজার খাবার হিসেবে বিবেচিত। সালাদে, নুডলসে এবং সয়া সস দিয়ে প্রায়ই এদের খাওয়া হয়। থাইল্যান্ড প্রতিবছর জেলিফিশ রপ্তানি করে বৈদেশিক মদ্রা অর্জন করছে। এ ছাড়া জেলিফিশ কোলাজেনের উৎস হিসেবে বৈজ্ঞানিক গবেষণায়, ওষুধশিল্পে এবং বিশ্বজুড়ে পাবলিক অ্যাকোয়ারিয়ামে প্রদর্শিত হয়।

সামুদ্রিক বিজ্ঞানী এবং বিওআরআইয়ের মহাপরিচালক সাঈদ মাহমুদ বেলাল হায়দার বলেন, জেলিফিশ সমুদ্রের নিচের খাদ্যশৃঙ্খলে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, এটি যদিও অপেক্ষাকৃত ছোট ও সহজ প্রাণী।

ডেইলি-বাংলাদেশ/এসএ

জেলিফিশ থেকে রপ্তানি আয়ের সম্ভাবনা দেখছেন বাংলাদেশের গবেষকরা

সায়েদুল ইসলাম

বিবিসি বাংলা, ঢাকা

৫ নভেম্বর ২০২২



ছবির ক্যাপশান: বাংলাদেশের গবেষকরা এখন বলছেন, জেলিফিশ রপ্তানি আয়ের নতুন উৎস হয়ে উঠতে পারে।

জেলিফিশকে এতদিন ধরে একপ্রকার অখাদ্য বা ব্যবহার অনুপযোগী সামুদ্রিক প্রাণী হিসাবেই দেখা হতো।

তবে বাংলাদেশের গবেষকরা এখন বলছেন, রপ্তানি আয়ের একটি নতুন উৎস হয়ে উঠতে পারে এই জেলিফিশ।

বিশ্বের অন্যসব সমুদ্রের মতো বাংলাদেশের উপকূলেও প্রচুর পরিমাণে জেলিফিশ পাওয়া যায়। ৯০ শতাংশ পানি দিয়ে তৈরি এই সামুদ্রিক প্রাণীর মস্তিষ্ক, রক্ত বা হাড় বলে কিছু নেই।

বিজ্ঞানীদের ধারণা, ৫০০ কোটি বছর আগে জেলিফিশের জন্ম হয়েছিল, যা ডাইনোসরের জন্মেরও আগে। মানুষ ব্যবহার না করলেও সাগরের খাদ্য চক্রের জন্য এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

জেলিফিশের বাণিজ্যিক সম্ভাবনা




বাংলাদেশের গবেষকরা বলছেন, এতদিন ধরে জেলিফিশ বাংলাদেশে বাণিজ্যিকভাবে ব্যবহার করা হলেও এর অর্থনৈতিক সম্ভাবনা রয়েছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ডিপার্টমেন্ট অব ফিশারিজের অধ্যাপক মোঃ রাশেদ-উন-নবী বিবিসি বাংলাকে বলছেন, "জেলিফিশ কীভাবে কাজে লাগানো যায়, তা নিয়ে বিশ্বের অনেক দেশই গবেষণা করছে, আমরাও গবেষণা শুরু করেছি। তাতে দেখা গেছে, এটির বাণিজ্যিক বেশকিছু সম্ভাবনা রয়েছে।"

গত মে মাসে পটুয়াখালীর সৈকতে আর অগাস্ট মাসে কক্সবাজার সৈকতে জেলিফিশের একটি ব্লুম বা আধিক্য দেখতে পেয়েছিলেন বিজ্ঞানীরা।

সেই সময় জেলিফিশে ভরে যাওয়ায় অনেক জেলে তাদের জাল কেটে ফেলতে বাধ্য হন।



ছবির ক্যাপশন: গত মে মাসে পটুয়াখালীর সৈকতে আর অগাস্ট মাসে কক্সবাজার সৈকতে জেলিফিশের একটি ব্লুম বা আধিক্য দেখতে পেয়েছিলেন বিজ্ঞানীরা।

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক গোলাম মোস্তফা বিবিসি বাংলাকে বলছেন, বাংলাদেশের সমুদ্রে যেসব জেলিফিশ পাওয়া যায়, তাকে আমরা তিনটা ক্যাটেগরিতে ভাগ করতে পারি।

"একটি হচ্ছে খাওয়ার উপযোগী জেলিফিশ। আমাদের এখানে এটা খাওয়া হয় না। কিন্তু তাইওয়ান, ভিয়েতনাম, থাইল্যান্ড বা চীনে খাদ্য হিসাবে এর চাহিদা রয়েছে। ফলে বাণিজ্যিকভাবে আহরণ করা হলে সেখানে রপ্তানি করা সম্ভব," তিনি বলছেন।


সেই সঙ্গে এসব জেলিফিশ ওষুধ শিল্পের এবং কসমেটিকস শিল্পের কাঁচামাল হিসাবে ব্যবহৃত হতে পারে বলে তিনি বলছেন।

এসব জেলিফিশ একেকটা আট থেকে ১০ কেজি পর্যন্ত হতে পারে।

জেলিফিশের আরেকটি ধরন রয়েছে, যা বিষাক্ত। এসব জেলিফিশের সংস্পর্শে এলে তা জেলেদের স্নায়ুতন্ত্রে আঘাত করে তা বিকল করে দেয়। তবে সব জেলিফিশ বিষাক্ত হয় না।

সহযোগী অধ্যাপক গোলাম মোস্তফা বলছেন, এই ধরনের জেলিফিশের ব্যাপারে জেলেদের সচেতন করা এবং প্রশিক্ষণ দেয়ার দরকার আছে। কারণ এতে আক্রান্ত হয়ে জেলেদের যে ক্ষতি হয়ে যায়, সেটাও কিন্তু অর্থনৈতিকভাবে এক ধরনের ক্ষতি। অনেক সময় জেলেরা সেটা ঠিকভাবে বুঝতেও পারেন না।

আর তৃতীয় যে ধরনটি রয়েছে, সেটি খুব ছোট আকারের জেলিফিশ। কিন্তু এসব জেলিফিশ বিশ্বের অনেক দেশে অ্যাকুরিয়ামে বা সৌন্দর্য বর্ধনের অংশ হিসাবে ব্যবহৃত হয়।



ছবির ক্যাপশান: সামুদ্রিক কচ্ছপের প্রধান খাদ্য এসব জেলিফিশ।

"এটাকে আপনি রিক্রিয়েশন পারপাস ব্যবহার বলতে পারেন। থাইল্যান্ডসহ অনেক দেশে এরকম অ্যাকুরিয়াম রয়েছে, যেখানে হাতের তালু আকৃতির স্বচ্ছ জেলিফিশ রাখা হয়। আপনি যে রঙের আলো ফেলবেন, সেটার রঙ সেরকম হয়ে যায়। পর্যটকদের কাছে এটা বেশ আকর্ষণীয় একটা ব্যাপার," তিনি বলছেন।

গবেষকরা বলছেন, বাংলাদেশের ওশানোগ্রাফিক রিসার্চ ইন্সটিটিউটসহ কয়েকটি বিশ্ববিদ্যালয়ের ওশানোগ্রাফি এবং ফিশারিজ বিভাগের গবেষকরা মিলে জেলিফিশের সম্ভাবনা নিয়ে গবেষণা করছেন।



জেলিফিশ নিয়ে আরও যা জানা যায়

সামুদ্রিক কচ্ছপের প্রধান খাদ্য এসব জেলিফিশ।

তবে নামের সঙ্গে 'ফিশ' যুক্ত থাকলেও হাড় না থাকায় এটিকে ঠিক মাছ হিসাবে গণ্য করেন না বিজ্ঞানীরা। তারা একে প্ল্যাঙ্কটন হিসাবে গণ্য করেন। মস্তিষ্ক না থাকলেও জেলিফিশের সারা শরীর জুড়ে স্নায়ু ছড়িয়ে রয়েছে।

গবেষকরা দেখতে পেয়েছেন, কোটি কোটি বছর আগে যখন সমুদ্রে নানা প্রাণী তৈরি হয়েছিল, সেই সময় জেলিফিশ সমুদ্রের অন্যান্য প্রাণী থেকে বিচ্ছিন্ন হয়ে যায়।

কক্সবাজারে স্থানীয়ভাবে জেলিফিশকে ডাকা হয় নুইমা। কারণ শরীরের বেশিরভাগ অংশ পানি দিয়ে তৈরি, যা লবণাক্ত। সেখানে একটি এলাকার নামই হয়েছে নুইমাছড়া।

তবে বাংলাদেশের সমুদ্রে কতো জেলিফিশ আছে, তা এখনো জানা নেই গবেষকদের। তারা এখন যে গবেষণা শুরু করেছেন, তাতে এই পরিমাণও যাচাই করে দেখা হবে।

বিজ্ঞানীরা বলছেন, পানির লবণাক্ততা এবং তাপমাত্রার ওপরে জেলিফিশের সংখ্যা অনেকাংশে নির্ভর করে। এই বছর বৃষ্টি কম হওয়ায় সমুদ্রের পানিতে লবণাক্ততা বেশি ছিল, ফলে জেলিফিশেরও আধিক্য দেখা গেছে।

যুক্তরাজ্যের একটি গবেষণায় দেখা গেছে, সাধারণত যে পরিমাণ দেখা যায়, তার চেয়ে এই বছর যুক্তরাজ্যের উপকূলে অনেক বেশি জেলিফিশ দেখা গেছে।

মার্কিন মহাকাশ সংস্থা নাসা ১৯৯১ সালে মহাকাশে ২০০০ জেলিফিশ পাঠিয়েছিল। এখন সেই সংখ্যা দাঁড়িয়েছে ৬০ হাজারে।

প্রতিদিনের সংবাদ

জেলিফিশ : বাংলাদেশের সামনে বড় সম্ভাবনা

প্রকাশ : ০৬ নভেম্বর ২০২২, ১২:৩৫ | অনলাইন সংস্করণ



ফাইন ছবি

সেখা গেছে, এটির বাণিজ্যিক বেশ কিছু সম্ভাবনা রয়েছে।

গত মে মাসে পটুয়াখালীর সৈকতে ও অগাঠী মাসে কর্ণাঝার সৈকতে জেলিফিশের একটি খুব বা আকর্ষণীয় দেখতে পেয়েছিলেন বিজ্ঞানীরা। সেই সময় জেলিফিশে ভরে যাওয়ার অনেক জেলে তাদের জাল কেটে ফেলতে বাধ্য হন।

মোহাম্মাদী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক গোলাম মোস্তফা বলেন, বাংলাদেশের সমুদ্রে যেসব জেলিফিশ পাওয়া যায়, তাকে আমরা তিনটা ক্যাটাগরিতে ভাগ করতে পারি। একটি হচ্ছে- যাওয়ার উপযোগী জেলিফিশ। আমাদের এখানে এটা যাওয়া হয় না। কিন্তু তাইওয়ান, জিয়োনানা, থাইল্যান্ড বা চীনে খাদ্য হিসেবে এর ব্যাপক চাহিদা রয়েছে। ফলে বাণিজ্যিকভাবে আহরণ করা হলে সেখানে রপ্তানি করা সম্ভব।

সেই সঙ্গে এসব জেলিফিশ ওষুধ শিল্পের এবং কসমেটিকস শিল্পের কাঁচামাল হিসেবে ব্যবহৃত হতে পারে। এই ভারের জেলিফিশ একেকটা আউ থেকে ১০ কেজি পর্যন্ত হতে পারে বলে তিনি জানান।

জেলিফিশের অনেকটা ধরন রয়েছে, যা বিক্রয়। এসব জেলিফিশের সংস্পর্শে এসে তা জেলেদের প্রায়তন্ত্রে অঘাত করে তা বিকল করে দেয়। তবে সব জেলিফিশ বিক্রয় হয় না।

সহযোগী অধ্যাপক গোলাম মোস্তফা বলেন, এই ধরনের জেলিফিশের ব্যাপারে জেলেদের সচেতন করা এবং প্রশিক্ষণ দেয়ার দরকার আছে। কারণ এতে আক্রান্ত হয়ে জেলেদের যে ক্ষতি হয়ে যায়, সেটাও কিন্তু অর্থনৈতিকভাবে এক ধরনের ক্ষতি। অনেক সময় জেলেরা সেটা ঠিকভাবে বুঝতেও পারেন না।

আর তৃতীয় যে ধরনটা রয়েছে, সেটা খুব ছোট আকারের জেলিফিশ। কিন্তু এসব জেলিফিশ বিশ্বের অনেক দেশে আকৃষ্টিয়ামে বা পৌলশর্ষ বর্ধনের অংশ হিসেবে ব্যবহৃত হয়। এটাকে আপনি রিক্রিটেশন পারপাস ব্যবহার করতে পারেন।

‘থাইল্যান্ডসহ অনেক দেশে এরকম আকৃষ্টিয়াম রয়েছে, সেখানে হাচের তালু আকৃতির ফল জেলিফিশ রাখা হয়। আপনি যে রঙের আলো ফেলাবেন, সেটার রঙ বেরকম হয়ে যায়। পরীক্ষার কাছে এটা বেশ আকর্ষণীয় একটা ব্যাপার,’ তিনি জানান।

গবেষকরা বলেন, বাংলাদেশের ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউটসহ কয়েকটি বিশ্ববিদ্যালয়ের ওশানোগ্রাফি এবং ফিশারিজ বিভাগের গবেষকরা মিলে জেলিফিশের সম্ভাবনা নিয়ে গবেষণা করছেন। তবে নামের সঙ্গে ‘ফিশ’ যুক্ত থাকলেও হাড় না থাকায় এটিকে ঠিক মত হিসেবে গণ্য করেন না বিজ্ঞানীরা। তারা একে প্রায়শই হিসেবে গণ্য করেন। মজিফ না থাকলেও জেলিফিশের সারা শরীরে প্রায় ছড়িয়ে রয়েছে।

গবেষকরা দেখতে পেয়েছেন, কোটা কোটা বছর আগে যখন সমুদ্রে নানা প্রাণী তৈরি হয়েছিল, সেই সময় জেলিফিশ সমুদ্রের অন্যান্য প্রাণী থেকে বিচ্ছিন্ন হয়ে যায়।

কর্ণাঝারের স্থানীয়ভাবে জেলিফিশকে ডাকা হয় নুইয়া। কারণ শরীরের বেশিরভাগ অংশ পানি দিয়ে তৈরি, যা লবণাক্ত। সেখানে একটি এলাকার নামই হচ্ছে নুইয়াছড়া। তবে বাংলাদেশের সমুদ্রে কতো জেলিফিশ আছে, তা এখনো জানা নেই গবেষকদের। তারা এখন যে গবেষণা শুরু করেছেন, তাতে এই পরিমাণও যাচাই করে দেখা হবে।

বিজ্ঞানীরা বলেন, পানির লবণাক্ততা এবং তাপমাত্রার ওপরে জেলিফিশের সংখ্যা অনেকাংশে নির্ভর করে। এই বছর নুইয়া কম হওয়ার সমুদ্রের পানিতে লবণাক্ততা বেশি ছিল, ফলে জেলিফিশেরও অধিকাংশ দেখা গেছে।

মুন্সিংগোর একটি গবেষণার দেখা গেছে, সাধারণত যে পরিমাণ দেখা যায়, তার চেয়ে এই বছর মুন্সিংগোর উপকূলে অনেক বেশি জেলিফিশ দেখা গেছে। মার্কিন মহাকাশ সংস্থা নাসা ১৯৯১ সালে মহাকাশে ২০০০ জেলিফিশ পাঠিয়েছিল। এখন সেই সংখ্যা দাঁড়িয়েছে ৬০ হাজারে। সূত্র : বিবিসি

সম্পাদক ও প্রকাশক : মো. সাইদুল ইসলাম, ফ্রন্ট মিডিয়া লিমিটেডের পক্ষে প্রকাশক কর্তৃক ১৫৯/ তি, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ থেকে প্রকাশিত ও মিডিয়া হিউসে, ৪৪৬/ এইচ, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮, ঢাকা থেকে মুদ্রিত।

ফোন : ০২৪১০৮২৬১৭-১৮, বিজ্ঞাপন : ০২৮৪৪-১৬৮৫৭৮, ফক্সন : ০১৬৭৮-৪৪০৬১১, ই-মেইল : pdsangbad24@gmail.com

© সর্বস্বত্ব সংরক্ষিত ২০১৮-২০২২। এই ওয়েবসাইটের কোনো সেক্ষা, ছবি, ভিডিও অনুলিপি ছাড়া ব্যবহার বেআইনি

ক্যাশ আউটে ক্যাশ রিওয়ার্ড

- ওপার বাংলা

বাণিজ্যের নতুন পথ? জেলিফিশ রপ্তানি করে আয়ের উৎস সন্ধান বাংলাদেশের

Published by: Sucheta Sengupta | Posted: November 6, 2022 4:56 pm | Updated: November 6, 2022 5:06 pm



সুকুমার সরকার, ঢাকা: আপাত দৃষ্টিতে কোনও কাজে লাগে না। জলের প্রাণী। খুব বেশি হলে জলের জীববৈচিত্র্যের ভারসাম্য বজায় রাখে। কিন্তু এর বাইরেও জেলিফিশ নামক সামুদ্রিক প্রাণীও অর্থকরী হয়ে উঠতে পারে, তা প্রমাণ করতে চাইছেন বাংলাদেশের (Bangladesh) বিজ্ঞানীরা। বাংলাদেশের সমুদ্রে যে ধরনের জেলিফিশ (Jellyfish) পাওয়া যায়, তা এবার থেকে রপ্তানিযোগ্য করে বাণিজ্য বৃদ্ধির পরিকল্পনা চলছে।

বাংলাদেশের সামুদ্রিক প্রাণী নিয়ে গবেষণা করা একদল বিজ্ঞানীর দাবি, রপ্তানি (Export) আয়ের একটি নতুন উৎস হয়ে উঠতে পারে এই জেলিফিশ। বিশ্বের অন্যান্য সমুদ্রের মতো বাংলাদেশের উপকূলেও প্রচুর পরিমাণে জেলিফিশ পাওয়া যায়। এই প্রাণীর মস্তিষ্ক ৯০ শতাংশই জল দিয়ে তৈরি। রক্ত বা হাড় বলে কিছু নেই। মনে করা হচ্ছে, ডাইনোসরদের (Dinosaur) আগেও এই প্রাণীর জন্ম হয়েছিল। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মৎস্য বিভাগের (Department of Fisheries) অধ্যাপক মহম্মদ রাশেদ-উন-নবী জানিয়েছেন, "জেলিফিশ কীভাবে কাজে লাগানো যায়, তা নিয়ে বিশ্বের অনেক দেশই গবেষণা করছে। আমরাও গবেষণা শুরু করেছি। তাতে দেখা গেছে, এটির বাণিজ্যিক বেশ কিছু সম্ভাবনা রয়েছে।"



মাস ছয় আগে পটুয়াখালির সৈকতে এবং আগস্টে কক্সবাজার (Cox's Bazar) সৈকতে জেলিফিশের একটি অধিক্য দেখা গিয়েছিল। সেই সময় জেলিফিশে ভরে যাওয়ায় অনেক জেলে তাদের জাল কেটে ফেলাতে বাধ্য হন। কিন্তু জেলিফিশের উপযোগিতাও রয়েছে। নোয়াখালি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক গোলাম মোস্তফা তার বিস্তারিত জানিয়েছেন। তাঁর কথায়, "বাংলাদেশের সমুদ্রে যেসব জেলিফিশ পাওয়া যায়, তাকে আমরা তিনটি ক্যাটাগরিতে ভাগ করতে পারি। একটি খাওয়ার উপযোগী জেলিফিশ। আমাদের এখানে এটা খাওয়া হয় না। কিন্তু তাইওয়ান, ভিয়েতনাম, থাইল্যান্ড বা চীনে খাদ্য হিসেবে এর চাহিদা রয়েছে। ফলে বাণিজ্যিকভাবে আহরণ করা হলে সেখানে রপ্তানি করা সম্ভব।"

এসব জেলিফিশ ওষুধ (Medicines) এবং কসমোটিকস শিল্পের কাঁচামাল হিসাবে ব্যবহৃত হতে পারে বলে বলছেন বিজ্ঞানীরা। এসব জেলিফিশ একেকটা আট থেকে ১০ কেজি পর্যন্ত হতে পারে। জেলিফিশের আরেকটি ধরন রয়েছে, যা বিষাক্ত। এসব জেলিফিশের সংস্পর্শে এলে স্নায়ুতন্ত্রে আঘাত করে। তাতে ক্রমশ বিকল হয়ে যায়। তবে সব জেলিফিশ বিষাক্ত হয় না। বিজ্ঞানীদের মতে, এই ধরনের জেলিফিশ নিয়ে জেলেদের সচেতন করা এবং প্রশিক্ষণ দেওয়া দরকার। আর তৃতীয় যে ধরনের জেলিফিশ আছে, সেটি খুব ছোট আকারের। কিন্তু এসব জেলিফিশ তেমন কোনও কাজে লাগে না, বিশ্বের অনেক দেশে অ্যাকোরিয়ামে শোভা পায়।

Annexure 6: Media Coverage During 2nd Jellyfish Bloom









কক্সবাজার সৈকতে শত শত মৃত জেলিফিশ

বিশেষ প্রতিনিধি, কক্সবাজার >

কক্সবাজারের কদাতলীশংল সৈকতে শত শত মৃত জেলিফিশ ভেসে এসেছে। এসব 'হোয়াইট টাইপ জেলিফিশ' স্থানীয়ভাবে সাদা নুইন্যা নামে পরিচিত। গতকাল সকালের ভাটির সময় সৈকতে এসব জেলিফিশ দেখা গেছে।

কদাতলীশংল একাধিক পয়েন্টে এসব মৃত জেলিফিশ দেখা গেছে। জেলিফিশ ভেসে আসার খবর পেয়ে বাংলাদেশ সমুদ্র গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) সাদিদ মাহমুদ বেলাল হায়দরের নেতৃত্বে একদল বিজ্ঞানী সেখানে গিয়ে তা নিয়ে বিভিন্ন বিষয়ে যাচাই-বাহাই করেন। কী কারণে বিপুলসংখ্যক জেলিফিশ ভেসে এসেছে তাৎক্ষণিক বলতে পারেননি সমুদ্র বিজ্ঞানীরা।

